যুগান্তর

তারিখ 07 MAY 2014
পৃষ্ঠা ৩

ইইউর কর্মসূচি

সুবিধাবঞ্চিত তিন লক্ষাধিক শিশু স্কুলে ফিরেছে

যুগান্তর রিপোর্ট

সুবিধাবঞ্চিত ৩ লাখ ৮ হাজার ২৮৫ শিশুকে বিগত বছরে বিদ্যালয়মুখী করেছে সাপোর্টিং দ্যা হার্ডেস্ট টু রিচ থ্রো বাসিক এডুকেশন (এসএইচএআরই) কর্মসূচি। এসব শিশুর বেশিরভাগই যৌনকর্মী, হরিজন, নিম্নশ্রেণীর জনগোষ্ঠী, সংখ্যালঘুদের শিশুসহ পথশিশু ও প্রতিবন্ধী। মূলত মূলধারার বিদ্যালয়ের পরিবেশ এদের জন্য বন্ধুসুলভ নয়। এ কারণে তারা বিদ্যালয় বিমুখ থাকে।

মঙ্গলবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এই কর্মসূচির দ্বিতীয় বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়। 'দুর্গম এলাকার শিশুদের জন্য নতুন শিক্ষা' শীর্ষক সম্মেলনটি ৫টি পর্বে বিভক্ত ছিল। ওই সম্মেলনেই এ তথ্য প্রকাশ করা হয়। এতে বলা হয়, এসব শিক্ষার্থীকে পড়ালেখা করানোর জন্য সর্বমোট ৮ হাজার ৩৬৪ স্কুল স্থাপন করা হয়, যেখানে ৮ হাজার ৭১৫ শিক্ষক নিয়োজিত আছেন।

সুবিধাবঞ্চিত শিশুদের বিদ্যালয়মুখী করার এই কর্মসূচিটি ইউরোপীয় ইউনিয়নের সাহায্যে পরিচালিত হচ্ছে। আলোঘর, শিখন-২, সাসটেইন ও ইউনিক-২ এই চারটি প্রকল্পের মাধ্যমে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য কাজ করছে। প্রকল্পগুলো বাস্তবায়ন করছেন ঢাকা আহছানিয়া মিশন, সেভ দ্যা চিলড্রেন, কারিতাস বাংলাদেশ ও হিউম্যান ডায়নামিক্স।

সকালে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান। বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দলের প্রধান উইলিয়াম হানা এতে সভাপতিত্ব করেন। অন্যদের মধ্যে সমাজকল্যাণ প্রতিমন্ত্রী অ্যাডভোকেট প্রমোদ মানকিন, চিত্রশিল্পী কাইয়ুম চৌধুরী প্রমুখ এতে বক্তৃতা করেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. ডোনাল্ড বি হোলসিঙ্গার।

সম্মেলনে তিন লাখ শিশুর আঁকা ছবির মধ্য থেকে সেরা ৩০টি ছবি প্রদর্শন করা হয়।